

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার  
(তথ্য প্রদান ইউনিট)  
www.moulvibazar.gov.bd

তথ্য অধিকার আইনের বাস্তবায়ন অব্যেক্ষণ(সুপারভিশন)ও পরীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মিঃ নাজিয়া শিরিন  
জেলা প্রশাসক, মৌলভীবাজার  
তারিখ : ১০/০৭/২০১৯ খ্রিঃ; সময়: সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-“ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

১ তথ্য অধিকার আইন-২০০৯ এর বিষয়ে ব্যাপক প্রচার :

**আলোচনা :** সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় অনুমোদিত হয়। সরকার তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়ন করেছে। তাই এই আইনের ব্যাপক প্রচার ও প্রচারণা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্যকে নিজ নিজ অধিক্ষেত্রে এই আইনের প্রচার করতে হবে।

**সিদ্ধান্ত :** তথ্য অধিকার আইন-২০০৯ এর বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার বাস্তবায়নে অব্যেক্ষণ (সুপারভিশন) ও পরীক্ষণ কমিটির আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা পর্যায়ের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান প্রধানকে নাম ও পদবী দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য অনুরোধ করা হয়।

২ তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় তথ্য সংগ্রহ ও সংরক্ষণ

**সিদ্ধান্ত :** তথ্য সরবরাহের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের তথ্যাবলী বিধি বিধানের আলোকে সরবরাহ করতে হবে।

৩। তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সরবরাহ :


**সিদ্ধান্ত :** আবেদনকারীর যাচিত তথ্য, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী আবেদনকারীর নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের বিষয়ে গুরুত্ব দিতে হবে এবং তা বাস্তবায়নের জন্য জেলার সকল প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।

৪। জেলার প্রতিটি দপ্তরে স্বপ্রনোদিত তথ্যাদি প্রকাশের/ প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** জেলার প্রতিটি দপ্তরে স্বপ্রনোদিত তথ্যাদি প্রকাশের/ প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিবিড়ভাবে তদারকী করতে হবে।

৫। তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত নেইম প্লেইট প্রদর্শন।

**সিদ্ধান্ত :** জেলাধীন প্রত্যেক দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত নেইম প্লেইট প্রদর্শনের জন্য অনুরোধ করা হয়। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোহাম্মদ আশরাফুল আলিম খান)  
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)  
মৌলভীবাজার।  
০৮৬১-৬৩২০২

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. সচিব (সম্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. জনাব মো: কামরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
৭. অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
৮. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৯. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
১১. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
১২. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
১৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৪. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৫. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
১৬. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
১৭. সভাপতি, প্রেসক্লাব, মৌলভীবাজার।
১৮. সভাপতি, বার অ্যাসোসিয়েশন, মৌলভীবাজার।
১৯. সভাপতি, চেম্বার অব কমার্স, মৌলভীবাজার।
২০. জেলা প্রতিনিধি, ব্র্যাক, মৌলভীবাজার।
২১. জেলা প্রতিনিধি, আশা, মৌলভীবাজার।
২২. বেগম হসনে আরা ওয়াহিদ, সাবেক সংসদ সদস্য (সংরক্ষিত), মৌলভীবাজার।
২৩. বেগম জহরা আলাউদ্দিন, মৌলভীবাজার।
২৪. ডা: আবু মুহিত চৌধুরী, পূর্ব গীর্জা পাড়া, মৌলভীবাজার।